
NYC অভিবাসী বিষয়ক মেয়রের কার্যালয়

# **ICE-কে** মোকাবিলার সময় **আপনার অধিকার সম্পর্কে জানুন**

যদি ICE (অভিবাসন ও শুল্ক আইন প্রয়োগকারী সংস্থা) কর্মকর্তা আপনার কাছে আসে, আপনার অধিকার আছে!



**ফেব্রুয়ারি, 2025** **Bangla**

# যদি ICE আমার দরজায় আসে তাহলে আমি কী করতে পারি?



**আপনাকে ICE বা অভিবাসন কর্মকর্তার জন্য দরজা খুলতে হবে না। মনে রাখবেন আপনার নীরব থাকার অধিকার আছে।**

## যদি ICE বা অভিবাসন কর্মকর্তা আপনার দরজায় আসে:



**বন্ধ দরজার আড়াল থেকে**, আপনি তাদের জিজ্ঞাসা করতে পারেন যে তারা কারা এবং তাদের ব্যাজ, পরিচয়পত্র , বা বিজনেস কার্ড জানালা দিয়ে, পিপহোল দিয়ে  বা বন্ধ দরজার নীচে দিয়ে দেখাতে বলতে পারেন।



আপনি যদি নিশ্চিত হন যে ICE/অভিবাসন কর্মকর্তা আপনার দরজায় রয়েছে, তাহলে তাদের কাছে **বিচারিক পরোয়ানা** আছে কিনা তা জিজ্ঞাসা করুন।

বিচারিক পরোয়ানা হলো একজন বিচারক কর্তৃক স্বাক্ষর করা পত্র যা  ICE/ অভিবাসন কর্মকর্তাকে যে কোনও স্থান অনুসন্ধান বা কোনও ব্যক্তিকে গ্রেফতার করার অনুমতি দেয়।

যদি তারা বলে, **আমার কাছে গ্রেফতারি পরোয়ানা নেই**, আপনাকে তাদের ভিতরে আসতে দিতে হবে না। আপনি বলতে পারেন,

“I do not want to speak with you”(আমি আপনার সঙ্গে কথা বলতে চাই না।)

যদি তারা বলে, **হ্যাঁ আমার কাছে একটি গ্রেফতারি পরোয়ানা আছে**, তাহলে তাদেরকে দরজার নিচ দিয়ে কাগজটি দিতে বলুন।

আপনাকে আদেশ মেনে চলতে হবে। চিঠিতে আপনার নাম আছে কি না নিশ্চিত করুন এবং নিশ্চিত করুন যে এটি একজন বিচারকের দ্বারা স্বাক্ষরিত হয়েছে।

যদি ICE এমন কাউকে  খোঁজে যে আপনার বাড়িতে নেই তাহলে **আপনার কথা বলার দরকার নেই**। আপনি যদি কথা বলতে চান তাহলে আপনি ICE-কে যোগাযোগের তথ্য রেখে যেতে বলতে পারেন। যদিও  সেই ব্যক্তি কোথায় আছে তা ICE-কে আপনার বলার প্রয়োজন নেই, মিথ্যা তথ্য প্রদান করা আপনাকে ঝুঁকিতে ফেলবে।

জরুরি পরিস্থিতিতে, যেমন জনসাধারণের নিরাপত্তার জন্য হুমকি বা কারো জীবনের হুমকি সৃষ্টি হলে ICE আপনার অনুমতি ছাড়াই আসতে পারে। যদি এটি ঘটে তাহলে মনে রাখবেন **আপনার নীরব থাকার অধিকার আছে।**



এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

# যদি ICE আমার বাড়ির ভিতরে আসে তাহলে আমি কী করতে পারি?

**আমি আপনার তল্লাশির বিষয়ে সম্মত নই।**



যদি ICE আপনার অনুমতি ছাড়া আপনার বাড়িতে প্রবেশ করে, আপনি তাদের স্পষ্টভাবে বলতে পারেন: “**আমি আপনাকে আমার বাড়ির ভিতরে অবস্থান করতে দিতে রাজি নই। দয়া করে চলে যান।**" এটি বলা সবসময় তাদের থামাতে পারে না, তবে ভবিষ্যতের যেকোনো আইনি মামলায় সাহায্য করতে পারে।

যদি ICE আপনার বাড়ির কক্ষ বা জিনিসপত্র অনুসন্ধান করা শুরু করে, আপনি তাদের বলতে পারেন, "**আমি আপনার অনুসন্ধানে সম্মত নই।**"

তারা সম্মতি ছাড়া অনুসন্ধান চালিয়ে যেতে থকলে আপনি তাদেরকে পুনরায় একথা বলতে পারেন। আপনার বাড়িতে শিশু বা অন্যান্য দুর্বলচিত্তের বাসিন্দা থাকলে আপনি তাদেরকে জানাতে পারেন।

আপনার আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে শারীরিক বিবাদে জড়িত হওয়া এড়ানো উচিত।



এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

# যদি ICE আমার কর্মস্থলে আসে তাহলে আমি কী করতে পারি?



ICE কোনো ধরনের গ্রেফতারি পরোয়ানা ছাড়াই যেকোনো কর্মস্থলে **সাধারণের জন্য উন্মুক্ত স্থানে** প্রবেশ করতে পারে



**সাধারণের জন্য উন্মুক্ত স্থানের** মধ্যে রয়েছে: অফিসের লবি, সুপারমার্কেট, খুচরা দোকান, অথবা রেস্তোরাঁর ভিতরে খাবার খাওয়ার এলাকা।

**আপনার নিয়োগকর্তার অনুমতি বা বিচারিক পরোয়ানা** না থাকলে ICE আইনত কোনো কর্মক্ষেত্রের ব্যক্তিগত স্থানে প্রবেশ করতে **পারে না**।

**ব্যক্তিগত স্থানগুলি** হলো শুধুমাত্র কর্মচারীদের জন্য নির্ধারিত স্থান যার মধ্যে কর্মক্ষেত্রের বিরতি কক্ষ বা স্টোরেজ রুম অন্তর্ভুক্ত থাকতে পারে।

জরুরী অবস্থায়, যেমন জনসাধারণের নিরাপত্তার জন্য হুমকি বা কারও জীবনের হুমকি, ICE আপনার অনুমতি জিজ্ঞাসা না করেই আসতে পারে। যদি তা ঘটে তবে মনে রাখবেন **আপনার নীরব থাকার অধিকার রয়েছে।**

**নিয়োগকর্তাগণ** ICE-কে তাদের পরিচয়পত্র দেখাতে বলতে **পারেন** এবং ICE-এর কাছে বিচারক কর্তৃক স্বাক্ষর করা পরোয়ানা আছে কি না তা জিজ্ঞেস করতে পারেন।

অন্যান্য জনপরিসরের মতোই কর্মক্ষেত্রে যদি ICE কর্মকর্তা আপনাকে কোনও প্রশ্ন করে তাহলে **আপনাকে তাদের প্রশ্নের উত্তর দিতে হবে না** এবং তাদেরকে আপনার নিয়োগকর্তার কাছে পাঠাতে পারেন।

বরাবরের মতোই, যদি ICE  কর্মকর্তারা আপনার পকেট বা জিনিসপত্র অনুসন্ধান করার চেষ্টা করে তাহলে আপনি বলতে পারেন, "**I do not consent to a search**” (**আমি তল্লাশিতে সম্মত নই।)**

যদি তারপরেও তারা আপনাকে তল্লাশি করে, আপনি তাদের শারীরিকভাবে থামাতে পারবেন না তবে স্পষ্টভাবে বলতে পারেন যে আপনি সম্মতি দিচ্ছেন না, এটি ভবিষ্যতে যেকোনো আইনি মামলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হতে পারে।

**আপনার আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে শারীরিক বিবাদে জড়িত হওয়া এড়ানো উচিত।**



এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

# যদি আমি আটক অথবা গ্রেফতার হই তাহলে কী করতে পারি?



মনে রাখবেন **আপনার নীরব থাকার** অধিকার আছে। **একজন আইনজীবীর সাথে কথা বলার** অধিকার আপনার আছে।



আপনার **স্বাস্থ্যগত কোনও সমস্যা** থাকলে বা **শিশু যত্নের ব্যবস্থা করার** প্রয়োজন হলে আপনি ICE-কে বলতে পারেন।



ICE কর্মকর্তাগণ **হয়তো বা আপনার পছন্দের ভাষায় কথা বলতে পারে না**। ICE-এর সাথে যেকোনো কথোপকথন বা আপনাকে দেওয়া যেকোনো অ্যাপয়েন্টমেন্ট বা শুনানির জন্য দোভাষীর অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনি বলতে পারেন, "**I need an interpreter**"(**আমার একজন দোভাষী দরকার।)**



আপনার আইনজীবী পাওয়ার অধিকার আছে। আইনজীবীর সাথে কথা বলার আগে **আপনাকে কোনো কাগজে স্বাক্ষর করতে** বা **কোনো প্রশ্নের উত্তর দিতে হবে না**।



এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

আপনি আটক হলে আপনার পরিবার, বন্ধুবান্ধব, সমাজের নেতা বা আইনজীবীকে ফোন করার **সুযোগ পাবেনথাকবে**।

আটক অবস্থায় আপনি আপনার পরিবার, বন্ধু, সমাজের নেতা এবং আইনজীবীসহ **দর্শনার্থীর সাথে সাক্ষাৎ করতে পারেন**। মনে রাখবেন যে **প্রতিটি জেলের নিজস্ব নিয়ম রয়েছে** যা দর্শনার্থীদের আগে পর্যালোচনা করতে হবে।

যদি ICE কর্মকর্তারা আপনার সাথে কথা বলার বা গ্রেফতার করার চেষ্টা করে তাহলে রেকর্ড করা শুরু করা বা চালিয়ে যাওয়া আপনাকে ঝুঁকিতে ফেলতে পারে। তবে, **ICE-এর এই পদক্ষেপ সমাজের লোকেরা রেকর্ড করতে পারে**, যতক্ষণ না তারা কর্মকর্তাদের কাজে হস্তক্ষেপ না করে।

**আপনি বা আপনাকে গ্রেফতার করার ঘটনাটি দেখেছেন এমন কেউ আপনার আইনজীবীর সাথে গ্রেফতারের বিষয়ে যেকোনো অডিও, ভিডিও বা লিখিত নোট শেয়ার করতে পারেন।**

**আরও তথ্যের জন্য,**
QR কোডটি স্ক্যান করুন

## যদি আপনার বা আপনার প্রিয়জনের নির্বাসনের ঝুঁকি থাকে তাহলে একটি পরিকল্পনা করুন।

1

**আপনার আইনি বিকল্পগুলি অন্বেষণ করুন। একজন বিশ্বস্ত আইনজীবীর সাথে কথা বলুন এবং জালিয়াতি এড়ান।**

**1-800-354-0365**

**সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত**

দোভাষী সুবিধা পাওয়া যাবে

অভিবাসী নিউ ইয়র্কবাসীদের প্রশ্ন বা উদ্বেগ থাকলে **তথ্য এবং অভিবাসন আইনি সহায়তা বিষয়ে সংযোগের** জন্য MOIA অভিবাসন আইনি সহায়তা  হটলাইনে ফোন করা উচিত।

অভিবাসন আইন জটিল। মিথ্যা প্রতিশ্রুতিদানকারী আইনি জালিয়াতি বা অভিবাসন আইনি স্ক্যাম থেকে সতর্ক থাকুন।

. **মনে রাখবেন**: একজন পাবলিক নোটারি যিনি লাইসেন্সপ্রাপ্ত আইনজীবী নন তিনি আপনার পক্ষে অভিবাসন ফরম পূরণ বা ফাইল করতে পারবেন না। তাদের আপনাকে আইনি পরামর্শও দেওয়া উচিত নয়।



এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

## 2 আপনার পরিবার সম্পর্কে পরিকল্পনা করুন।

**একটি জরুরি যোগাযোগ বাছাই করুন এবং তাদের ফোন নম্বর মুখস্থ করুন।** জরুরি যোগাযোগ আপনার বিশ্বস্ত কেউ হতে পারে - পরিবারের একজন সদস্য, বন্ধু, সমাজের নেতা, বা একজন আইনজীবী।

**আপনার নথিগুলি গুছিয়ে রাখুন** এবং সেগুলিকে একটি নিরাপদ স্থানে রাখুন যাতে আপনার জরুরি যোগাযোগকারী ব্যক্তি সেগুলি সহজেই পেতে পারে।

**একজন স্ট্যান্ডবাই অভিভাবক বাছাই করুন: আপনি আটক থাকলে আপনার সন্তানের যত্ন নেওয়ার জন্য আপনি বিশ্বাস করেন এমন কেউ।** শিশুর যত্নের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত এবং শিশুটি কোন স্কুলে যাবে সে সম্পর্কে সিদ্ধান্তসহ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা স্ট্যান্ডবাই অভিভাবকদের রয়েছে।

**আরও তথ্যের জন্য,**
QR কোডটি স্ক্যান করুন




এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

# নোট

**www.nyc.gov/knowyourrights**

**সবচেয়ে আপ টু ডেট তথ্যের জন্য,**



- **নীচের QR কোডে আপনার ফোনের ক্যামেরা ধরুন এবং কয়েক সেকেন্ডের জন্য অপেক্ষা করুন।**
- **তথ্য সুবিধা পেতে প্রদর্শিত বিজ্ঞপ্তিটিতে আলতো ভাবে চাপুন।**